বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)
শিল্প মন্ত্রণালয়

নং-৩৬.০৯.০০০০.০০১.১১.০০২.১১/২৬৩

তারিখঃ ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রি.

# নিয়োগপত্র

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর জনবল নিয়োগ সংক্রান্ত 'বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি'র সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯" মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ৯,৩০০-২২,৪৯০/-(গ্রেড-১৬) বেতনক্রমে "অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর" পদে নিম্নে উল্লেখিত প্রার্থীদের-কে বর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রমিক নং | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | ২৩০০৫৫৮ | জনাব রেহান শিকদার<br>পিতা: রিয়াজ শিকদার<br>মাতা: রেহেনা বেগম | গ্রাম: রাজাপুর,<br>ডাকঘর: উদয়পুর,<br>ইউনিয়ন: বসন্তপুর,<br>থানা: রাজবাড়ী সদর,<br>জেলা: রাজবাড়ী | গ্রাম: রাজাপুর,<br>ডাকঘর: উদয়পুর,<br>ইউনিয়ন: বসন্তপুর,<br>থানা: রাজবাড়ী সদর,<br>জেলা: রাজবাড়ী |
| ০২ | ২৩০১০৮৪ | জনাব শামীম হোসেন<br>পিতা: ফয়েজ উদ্দিন<br>মাতা: তারা ভানু | গ্রাম: ধানুড়া,<br>ডাকঘর: পুরুলিয়া,<br>উপজেলা: গুরুদাসপুর,<br>জেলা: নাটোর | গ্রাম: ধানুড়া,<br>ডাকঘর: পুরুলিয়া,<br>উপজেলা: গুরুদাসপুর,<br>জেলা: নাটোর |

**শর্তাবলি:**

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সনদ, উপজাতি সনদে বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকুরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে;

(খ) পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার মিথ্যা তথ্য প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(গ) এ পদে যোগদানের জন্য স্ব স্ব জেলার সিভিল সার্জন এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থতার সনদ পত্র ও ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঘ) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী মাসিক বেতন ও আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;

(ঙ) "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯" এর প্রবিধি ৭(১)(ক) মোতাবেক যোগদানের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে নিয়োগ করা হ'ল। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ অনধিন ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবে;

(চ) উক্ত প্রবিধানমালার ৭(২)(খ) প্রবিধি মোতাবেক শিক্ষানবিশ থাকাকালে আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরীর অবসান ঘটাতে পারবেন;

(ছ) শিক্ষানবিস কাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর উক্ত প্রবিধানমালার ৭(২), (৩) প্রবিধি মোতাবেক তার চাকুরী স্থায়ী করা হবে;

(জ) যদি চাকুরী হতে ইস্তফা দিতে চান, তবে যে তারিখ হতে ইস্তফা দেবেন সে তারিখের ০১ মাস পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে। অন্যথায় ০১ মাসের বেতনের সমপরিমাণ টাকা বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা দিতে বাধ্য থাকবেন;

শিল্প মন্ত্রণালয় ভবন (৬ষ্ঠ তলা) ৯১, মতিঝিল বা/এ ঢাকা। ফোন : ৯৫১৩২২১ ফ্যাক্স: ৯৫১৩২২২
E-mail: dg@bab.gov.bd, Web: www.bab.gov.bd

CamScanner

**(ঝ)** চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টি, এ/ডি, এ প্রাপ্য হবেন না;

**(ঞ)** এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকুরি নিয়ন্ত্রিত হবে;

**(ট)** চাকুরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, নিজের বা পরিবারে অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না; এবং

**(ঠ)** সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় বিএবি'তে জমা দিতে হবে;

০২। উপর্যুক্ত শর্তে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর **'অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর'** পদে যোগদানে ইচ্ছুক হলে **আগামী ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রি.** তারিখ রোজ: মঙ্গলবার পূর্বাহ্নে মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র জমা দিতে হবে। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

স্বাক্ষরিত
১৯/১২/২০২৩
শেখ ফয়েজুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। যুগ্ম সচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিল্প মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়োগপত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
০৭। হিসাব শাখা, বিএবি, ঢাকা।
০৮। জনাব রেহান শিকদার, পিতা: রিয়াজ শিকদার, মাতা: রেহেনা বেগম, গ্রাম: রাজাপুর, ডাকঘর: উদয়পুর, ইউনিয়ন: বসন্তপুর, থানা: রাজবাড়ী সদর, জেলা: রাজবাড়ী।
০৯। জনাব শামীম হোসেন, পিতা: ফয়েজ উদ্দিন, মাতা: তারা ভানু, গ্রাম: ধানুড়া, ডাকঘর: পুরুলিয়া, উপজেলা: গুরুদাসপুর, জেলা: নাটোর।
১০। অফিস নথি, বিএবি।

১৯/১২/২০২৩
মোঃ নাসিরুল ইসলাম
উপপরিচালক, বিএবি
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি



CamScanner